



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২২/১১/২০২০খ্রিঃ

**প্রেস রিলিজ**

**রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ২০ পিস ইয়াব ট্যাবলেট ও ৪০ পুড়িয়া হেরোইন উদ্ধারসহ মোট ০৫ জন আসামী গ্রেফতার এবং তাজহাট থানা পুলিশ কর্তৃক ০২ কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ ১ জন আসামী গ্রেফতার**



**ঘটনা-১ঃ** অদ্য ২২-১১-২০২০ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন এর অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন পরিকল্পনায় ইন্সপেক্টর এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই(নিঃ) গোলাম মোর্শেদ, এসআই(নিঃ) নাজমুল ইসলাম, কং/ হবিবর, কং/ বাবুল চন্দ্র, কং/ আনসারুল, কং/ সুজন চন্দ্রসহ কোতয়ালী থানা এলাকায় অভিযান পরিচালনা করে উক্ত থানাধীন আসাদ স্টোরের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে ২০ (বিশ) পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো- ১। শ্রী সুমন কুমার সরকার, পিতা- শ্রী কমল কুমার সরকার, মাতা- মিনা রানী সরকার, সাং- কামাল কাছনা গুন্জন মোড়, ২। মাইদুল ইসলাম(২১), পিতাঃ মোঃ আনোয়ার হোসেন (মায়ামনি সড়ক মুন ক্লিনিকের গলি কামাল কাছনা) এবং ৩। মোঃ মারুফ হোসেন(২০), পিতাঃ মোঃ তুহিন মিয়া, পূর্ব শালবন আরসিসি মোড় (শিক্ষাঙ্গন রোড) সর্ব থানা- কোতয়ালী, আরপিএমপি, রংপুর।

পরবর্তীতে আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (১) সারণি ১০ (ক) ধারায় মামলা রুজু করা হয়।

**ঘটনা-২ঃ** অদ্য ২২-১১-২০২০ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন এর অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন পরিকল্পনায় , এসআই (নিঃ)/ মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় এসআই (নিঃ)/ মোঃ নাজমুল ইসলাম, এসআই (নিঃ)/ মোঃ গোলাম মোর্শেদ, কং/আনসারুল, কং/সুজন, কং/ রফিকুলসহ আরপিএমপি কোতয়ালী থানাধীন ২৭ নং ওয়ার্ডস্থ আলমনগর থানাধীন ইরাক সোপ ফ্যাক্টরি মোড়স্থ সাক্ষী উকিল এর রাকিবের স্টোর নামক পানের দোকানের সামনে অভিযান পরিচালনা করে ৪০ পুড়িয়া হেরোইন উদ্ধার সহ ২ জন আসামী গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদ্বয় হলো- ০১। মোঃ আলমগীর (২৮), পিতা- মৃত মতিউর রহমান, মাতা- মোছাঃ আমেনা বেগম, সাং- তেলীপাড়া, সদর, লালমনিরহাট, ০২। মোঃ হানিফ শিকদার (৩৮), পিতা-মৃত আব্দুল বারী, মাতা- মোছাঃ সালেহা বেগম, সাং- খুটামারা বড়তলা, সদর, লালমনিরহাট।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণী ৮(ক)/৪১ ধারায় মামলা রুজু করা হয়।

**ঘটনা-৩ঃ** অদ্য ২২-১১-২০২০ রংপুর মেট্রোপলিটন তাজহাট থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন মডার্ণ মোড়স্থ ইরফান হোটেল এন্ড রেস্টুরেন্টের সামনে পাকা রাস্তার উপর থেকে ০২ (দুই) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ জাহিদুল ইসলাম (২২), পিতা-আব্দুল মজিদ, সাং-পূর্ব কেদার, থানা- কচাকাটা, জেলা-কুড়িগ্রাম-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।

২২.১১.২০২০  
(উত্তম প্রসাদ পাঠক)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১